

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১১.০০২.১৭.

০৪ আশ্বিন ১৪২৪

তারিখ:-----  
১৯ সেপ্টেম্বর ২০১৭


নিয়োগপত্র

“বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪” অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের রাজস্বখাতভুক্ত সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে ১১০০০-২৬৫৯০/- টাকার বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) নিম্নোক্ত শর্তসাপেক্ষে মেধাক্রম অনুযায়ী অস্থায়ীভাবে নিয়োগ করা হল:

ক্রমিক নম্বর	প্রার্থীর রোল নম্বর	নাম, পিতা/স্বামী ও মাতার নাম	ঠিকানা
১	১০০০১৫৮	আব্দুর জব্বার মিয়া পিতা-আকরামুজ্জামান মিয়া মাতা-পারভীন জামান	গ্রাম-গোপিনাথপুর (উত্তর পাড়া), ডাকঘর-কাজী পাড়া, উপজেলা-গোপালগঞ্জ সদর, জেলা-গোপালগঞ্জ
২	১০০০১১৩	তানভীর আহমেদ জনি পিতা-মোঃ আব্দুল জলিল মাতা-তাহামিনা বেগম	গ্রাম- কালিদাসপুর, ডাকঘর-খয়েরপুর, উপজেলা- দৌলতপুর, জেলা-কুষ্টিয়া
৩	১০০০১৪৭	মোহাইমিনুল ইসলাম পিতা-আজিজুর রহমান মাতা-জহরা খাতুন	গ্রাম-তেলীগ্রাম, ডাকঘর-তেলীগ্রাম, উপজেলা-ফুলবাড়ীয়া, জেলা-ময়মনসিংহ
৪	১০০০১২০	আতিকুর রহমান পিতা-মোঃ আব্দুছ ছালাম মিয়া মাতা-লাইলী বেগম	গ্রাম-রুহলী, ডাকঘর-গোবিন্দাসী, উপজেলা-ভূঞাপুর, জেলা-টাঙ্গাইল
৫	১০০০১৯০	মোঃ আসিফুল ইসলাম পিতা-মোঃ মুজাহিদুল ইসলাম মাতা-ফারজানা ইসলাম	গ্রাম-মগড়, ডাকঘর-আমিরাবাদ, উপজেলা-নলছিটি, জেলা-ঝালকাঠি

নিয়োগের শর্তাবলি:

১. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।
২. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরির অবসান ঘটাতে পারবেন।
৩. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণের স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
৪. নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।
৫. যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

  
১৯.০৯.২০১৭

